**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এইচ.আই.ভি–এইডস সম্পর্কে যুব সমাজকে আরো বেশি সচেতন করে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(২) সংসদের শীতকালীন অধিবেশন আজ থেকে শুরু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংসদের অধিবেশনে বিরোধীদের যথাযথভাবে দায়িত্ব পালন করার আহ্বান জানিয়েছেন।**

**(৪) ঊনকোটি জেলার পেঁচারথলে আজ থেকে শিলচর–আগরতলা এক্সপ্রেস ট্রেনের স্টপেজ শুরু করেছে ।**

**(৫) ত্রিপুরা ও দিল্লির মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে ।**

************************************

**World AIDS Day–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এইচ.আই.ভি–এইডস সম্পর্কে যুব সমাজকে আরো বেশি সচেতন করে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ বিশ্ব এইডস দিবস উপলক্ষ্যে আগরতলার এম.বি.বি স্টেডিয়ামে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটি আয়োজিত রাজ্যভিত্তিক বিশ্ব এইডস দিবসের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে অক্টোবর মাস পর্যন্ত এইচ.আই.ভি – এইডস আক্রান্তের সংখ্যা ৬ হাজার ৪১৭ জন। এর মধ্যে মহিলা ১ হাজার ২২২ জন, পুরুষ ৫ হাজার ১৮৯ জন এবং তৃতীয় লিঙ্গের ৬ জন। তিনি বলেন, এইচ.আই.ভি – এইডস সম্পর্কে ছাত্রছাত্রীদের সচেতন করে তোলার জন্য রাজ্যের কলেজগুলির পাশাপাশি স্কুলগুলিতেও রেড রিবন ক্লাব গঠন

করা হচ্ছে। ছাত্রছাত্রীদের ধারাবাহিকভাবে সচেতন করে তোলার জন্য প্রতিদিন ক্লাস শুরুর আগে পাঁচ মিনিট এই বিষয়ে আলোচনা করার জন্য তিনি শিক্ষক শিক্ষিকাদের পরামর্শ দেন।

######Byte-CM######

অনুষ্ঠানের বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, এমবিবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বিভাস দেব। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ভার্চুয়ালভাবে গোমতী, ধলাই ও উত্তর জেলার ডে কেয়ার ক্যান্সার সেন্টারের উদ্বোধন করেন। তাছাড়া আগরতলা অটল বিহারি বাজপেয়ী আঞ্চলিক ক্যান্সার হাসপাতালে ভাইরাল লোড টেস্টিং এবং স্টেট আয়ুর্বেদিক হাসপাতালে এফ আই সি টি সেন্টার সহ ২৬টি ও এস সি সেন্টারের উদ্বোধন করেন।

*****************************

**World's AIDS Day :**

জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে রাজ্যের সব জেলায় বিশ্ব এইডস দিবসে সচেতনতামূলক কর্মসূচী পালন করা হয়। পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে মান্দাইয়ের বুরাখা স্বাস্থ্য কেন্দ্রে সচেতনতা কর্মসূচির আয়োজন করা হয়।

আসাম রাইফেলসের উদ্যোগে আগরতলায় আয়োজিত সচেতনতামূলক কর্মসূচীতে আলোচনা করেন এইডস কন্ট্রোল সোসাইটির পক্ষে ভারতী চক্রবর্তী ও আসাম রাইফেলসের চিকিৎসকগণ।

***************************

**World AIDS Day-North :**

বিশ্ব এইডস দিবস উপলক্ষে ধর্মনগর জেলা হাসপাতাল প্রাঙ্গণ থেকে এইডস সচেতনতামূলক এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালি শেষে অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতিভবন প্রাঙ্গণে এইচ.আই.ভি ও এইডস সম্পর্কে সচেতনতামূলক আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীরা এইডস সচেতনতা বিষয়ে একটি নাটক মঞ্চস্থ করে।

*****************************

**World's Aids Day–Khowai & Dhalai :**

খোয়াই জেলা স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আজ এইডস রোগ সম্পর্কে সচেতনতামূলক আলোচনা সভার আয়োজন করা হয় খোয়াই হাসপাতালে। উপস্থিত ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক পদ্মরাম জমাতিয়া, হাসপাতালে মেডিকেল সুপার শরদিন্দু রিয়াং। এই সচেতনতামূলক আলোচনা সভায় বিভিন্ন স্কুল এবং কলেজ থেকে আগত ছাত্র–ছাত্রীদের নিয়ে এইডস বিষয়ের উপর ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পরে শহরে একটি পদযাত্রায় সামিল হন হাসপাতালের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী ও বিভিন্ন স্কুল, কলেজের ছাত্র–ছাত্রীরা।

এদিকে, ধলাই জেলার কমলপুর মহকুমা স্বাস্থ্য দপ্তরের উদ্যোগেও কমলপুর শহরে এক সচেতনতামূলক রেলীর আয়োজন করা হয়। এস.ডি.এম.ও ডাঃ শুভাশিস দে HIV এইডস রোগ ও প্রতিরোধ বিষয়ে আলোচনা করেন।

**************************

**AIDS Day–Sabroom :**

সাব্রুমের মাইকেল মধুসূদন দত্ত কলেজে আজ বিশ্ব এইডস দিবস উদযাপন করা হয়। কলেজের এনএসএস ইউনিট ও বিলোনিয়ার ওআরএস সংস্হা আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজ অধ্যক্ষ ড. অনুপম গুহ, কলেজ এনএসএস প্রোগ্রাম আফিসার ড. অরূপ পাটারী, সাব্রুম মহকুমা হাসপাতালের মেডিকেল অফিসার ডঃ সৌমিক হাজরা প্রমুখ।

***************************

**Lok Sabha adjourned :**

সংসদের শীতকালীন অধিবেশন আজ থেকে শুরু হয়েছে। আজ অধিবেশনের শুরুতেই লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সংসদের প্রাক্তন প্রয়াত চলচ্চিত্র অভিনেতা ধর্মেন্দ্র, অবসরপ্রাপ্ত কর্ণেল সোনারাম চৌধুরী, অধ্যাপক বিজয় মালহোত্রা ও রবি নায়েকের স্মৃতিচারণ করেন। মহিলা বিশ্বকাপ ক্রিকেটে

জয়ী ভারতীয় দলের খেলোয়াড়দের, T-20 দৃষ্টিহীন বিশ্বকাপ মহিলা ক্রিকেটে জয়ী ভারতীয় দলের মহিলাদের অভিনন্দন জানানো হয়।

এরপর ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন এস.আই.আর নিয়ে আলোচনার দাবি জানাতে থাকেন বিরোধী দলের সাংসদরা। এক সময়ে তারা ওয়েলে নেমে অধ্যক্ষের সামনে বিক্ষোভ দেখাতে শুরু করেন। এ অবস্থায় অধ্যক্ষ প্রথমে বেলা ১২টা পর্যন্ত এবং পরে দুপুর ২টো পর্যন্ত ও পরে আজ সারাদিনের মতো অধিবেশন মুলতুবি ঘোষণা করেন। অধিবেশন বসবে আগামীকাল সকাল ১১টায়।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, শীতকালীন অধিবেশন শুধু আনুষ্ঠানিকতা নয়, এটি দেশের উন্নয়নের গতি বাড়ায়। তিনি জানান, ভারতের অর্থনীতি নতুন উচ্চতায় পৌঁছেছে এবং উন্নত দেশের পথে এগিয়ে যাওয়ার আত্মবিশ্বাস আরও দৃঢ় হয়েছে। মোদী আহ্বান জানান যেন অধিবেশন নেতিবাচকতা বা অহংকারের অঙ্গন না হয়। পাশাপাশি তিনি দেশ গঠনে ইতিবাচক মানসিকতার গুরুত্ব তুলে ধরে তরুণ সাংসদদের বেশি সুযোগ দেওয়ার কথা বলেন। আজ নতুনদিল্লীতে শীতকালীন অধিবেশন শুরুর আগে সংসদ প্রাঙ্গনে সাংবাদিকদের এই কথাগুলি বলেন প্রধানমন্ত্রী।

#######Byte-PM######

***************************

**Package Story-New Labour Code :**

দেশের শ্রমব্যবস্থায় বড় পরিবর্তনে কার্যকর হলো নয়া শ্রম কোড। শ্রমিকের সুরক্ষা, বেতন কাঠামো এবং কাজের সুযোগ আরও সুসংগঠিত করার দিকেই এগোচ্ছে দেশ। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Rail-Pecharthal :**

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে আজ থেকে ঊনকোটি জেলার পেঁচারথল রেলস্টেশনে শিলচর-আগরতলা এক্সপ্রেস ট্রেনের স্টপেজ তথা যাত্রাবিরতি শুরু করেছে। আজ থেকে প্রতিদিন দুই মিনিট করে পেঁচারথল রেল স্টেশনে দূরপাল্লার এই ট্রেনটি থামবে। এই উপলক্ষ্যে আজ পেঁচারথল রেলস্টেশন চত্বরে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কারামন্ত্রী শান্তনা চাকমা। আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, পেঁচারথল রেলস্টেশনে শিলচর-আগরতলা এক্সপ্রেস ট্রেনের যাত্রা বিরতির ফলে স্থানীয় জনগনের মধ্যে আজ ব্যাপক উচ্ছাস পরিলক্ষিত হয়। এরফলে ঊনকোটি জেলার পেঁচারথল ব্লকের পাশাপাশি উত্তর ত্রিপুরা জেলার লালঝুড়ি, দশদা এবং জম্পুই হিল ব্লক এলাকার যাত্রীরাও বিশেষ উপকৃত হবেন।

***************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলায় লোকভবনে নাগাল্যান্ড রাজ্যের প্রতিষ্ঠা দিবস উদ্বোধন করেন। প্রতিষ্ঠা দিবসে তিনি নাগাল্যান্ডবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। রাজ্যে পাঠরত নাগাল্যান্ডের ছাত্রছাত্রী এবং বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত নাগাল্যান্ডবাসী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

*********************************

**Holidays :**

রাজ্য সরকার ২০২৬ সালের ছুটির তালিকায় সরকারি কর্মচারীদের জন্য অতিরিক্ত দুটি দিন ছুটি ঘোষণা করেছে। ২০২৬ সালের ছুটির ক্যালেন্ডার অনুসারে, লক্ষ্মী পূজা আগামী ২৫শে অক্টোবর, ২০২৬ রবিবারে পড়ে। যেহেতু রবিবার একটি সাপ্তাহিক ছুটি। তাই রাজ্য সরকার আগামী ২৬শে অক্টোবর, ২০২৬ সোমবার ছুটি ঘোষণা করেছে। দীপাবলি উৎসব আগামী ৮ই নভেম্বর, ২০২৬ রবিবার। সে পরিপ্রেক্ষিতে রাজ্যসরকার আগামী ৯ই নভেম্বর, ২০২৬ সোমবার সরকারি ছুটি ঘোষণা করেছে।

*****************************

**Cooch Behar Trophy :**

ত্রিপুরা ও দিল্লির মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। পালামের এয়ারফোর্স মাঠে টসে হেরে ব্যাট করতে নেমে স্বাগতিক দিল্লি প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ৩২৫ রান সংগ্রহ করে। দলের পক্ষে অর্ণব এস বুগ্গা ১২১ রান করে। রাজ্যদলের রায়হান আহমেদ আরমান ও মাহিন চৌধুরী দুটি করে উইকেট পায়।

***********************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

**************************